


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
WWW.lged.gov.bd



২০২২-২৩ অর্থ বছরে যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উপজেলা স্থায়ী কমিটি, নানিয়ারচর উপজেলা এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব নূর জামাল হাওলাদার
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি।
সভার স্থান : উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের অফিস, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
সভার তারিখ : ২৭.১২.২০২২ খ্রিঃ সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত কমিটির সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানান এবং কমিটির সদস্য সচিব, উপজেলা প্রকৌশলীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | দপ্তর/বিভাগ | আলোচ্য বিষয় সমূহ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---------|----------------------|---|--|--|
| ১. | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নানিয়ারচর উপজেলার প্রশাসনিক ভবন সম্প্রসারিত ও হলরুমের নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার বরাবর কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রস্তাবিত প্রশাসনিক ভবনের জায়গায় ১১ (এগার) টি জীবিত গাছ কর্তন করা প্রয়োজন। গাছগুলির মূল্য নির্ধারণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় গত ০৮/১২/২০২২ খ্রি. তারিখে বিভাগীয় বন কর্মকর্তা, অশ্রেণীভুক্ত বনাঞ্চল বনিকরণ বিভাগ, রাঙ্গামাটিকে অনুরোধ করেন। সেই মোতাবেক উপজেলা বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা (বুড়িঘাট ইউনিয়ন) সরেজমিনে ১১ টি গাছের পরিমাপ গ্রহণ পূর্বক মূল্য নির্ধারণ করেছেন। যার প্রাক্কলিত মূল্য ৬১,৩০০/- (একষট্টি হাজার তিনশত টাকা) মাত্র। জীবিত গাছ কর্তন করতে হলে স্থানীয় সরকার বিভাগের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে। তাই গাছ গুলি দ্রুত কর্তনের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। খ) ইহা ছাড়াও অফিসের অন্যান্য বিভাগীয় কাজ যথারীতি চলেছে বলে তিনি সভাকে অবহিত করেন। | উপজেলা প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য বন বিভাগ কর্তৃক ১১ টি গাছের নির্ধারিত মূল্য ৬১,৩০০/- (একষট্টি হাজার তিনশত টাকা) মাত্র, সভায় সকলের মতামতে সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং গাছ গুলি দ্রুত কর্তনের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২) উপজেলা নির্বাহী অফিসার এবং ৩) উপজেলা প্রকৌশলী |


ভাইস চেয়ারম্যান


ও
সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উপজেলা স্থায়ী কমিটি
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

তারিখ : ২৭/১২/২০২২ খ্রি.।

স্মারক নং : ৪৬.০২.৮৪৭৫.০০০.৯৯.০৪২.২৩২২৫/১ (৭)
অনুলিপি : সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৪। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৫। চেয়ারম্যান, ১নং সাবেক্ষ্য, ২নং নানিয়ারচর, ৩নং বুড়িঘাট/ ৪নং খিলাছড়ি ইউনিয়ন পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।


২৭-১২-২২
উপজেলা প্রকৌশলী

ও
সদস্য সচিব

যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উপজেলা স্থায়ী কমিটি
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।